



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Work Sheet - 14



Class: 4

Subject: Bengali Grammar (বোধশক্তির বিচার)

Date: 16/09/2020

১৯২০ খ্রিস্টাব্দ । বিশাল জাহাজ টাইটানিক দু'হাজারেরও বেশী যাত্রী নিয়ে প্রমোদভ্রমণে বেরিয়েছে । এগিয়ে চলেছে উত্তর আটলান্টিক মহাসাগর দিয়ে । টাইটানিক যেন ছোটখাট একটি শহর । যাত্রীদের সুখ-সুবিধা এবং আরামের যাবতীয় বন্দোবস্তই ছিল এই জাহাজে ।

১৪ই এপ্রিল রাত ১টা ৪০মিনিট । যাত্রীরা সব যার যার ঘরে ঘুমিয়ে আছে নিশ্চিন্তে নির্ভয়ে । সহসা এক প্রচণ্ড সংঘর্ষে তারা সব চমকে জেগে উঠল । বিপদসূচক সংকেত বাজতে লাগল ঢং-ঢং -ঢংঢং--ঢংঢং । ভীতসন্ত্রস্ত যাত্রীরা ছুটে গেল ডেকের দিকে । সবার মুখে এক প্রশ্ন, ব্যাপার কী ? জাহাজের লোকজনদের কাছে শোনা গেল বিশাল এক হিমশৈলের সঙ্গে ধাক্কা খেয়ে জাহাজের তলা ফেঁসে গিয়েছে, জল ঢুকছে হু হু করে । বিপদ বুঝে সবাই ছুটল 'লাইফবোট'-এর সন্ধানে । কিন্তু হয়, জাহাজের যাত্রীর তুলনায় 'লাইফবোট'-এর সংখ্যা ছিল খুবই কম । তার ফল হল সাংঘাতিক ।

প্রশ্ন :-

- ১। টাইটানিক কী ?
- ২। এটিকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে ?
- ৩। কেন ওইরূপ তুলনা করা হয়েছে ?
- ৪। টাইটানিকে কত জন যাত্রী ছিল ? তারা কী উদ্দেশ্যে যাচ্ছিল ?
- ৫। জাহাজটি কোথা দিয়ে যাচ্ছিল ?
- ৬। টাইটানিকের সঙ্গে কীসের সংঘর্ষ হয়েছিল ?
- ৭। সংঘর্ষের ফলে জাহাজের কী অবস্থা হয়েছিল ?
- ৮। দুর্ঘটনাটি কবে ঘটেছিল ?

৯। যাত্রীরা সে সময়ে কী করছিল ?

১০। বাক্য রচনা :-

ক) জাহাজ =

খ) প্রমোদভ্রমণ =

গ) ভীতসম্ভ্রান্ত =

ঘ) লাইফবোট =

১১। বিপরীত শব্দ :-

ক) শহর =

খ) সুখ =

গ) উত্তর =

১২। ঠিক বা ভুল :-

ক) টাইটানিক একটি হিমশৈল ছিল ।

খ) বিপদ বুঝে সবাই ক্যাপটেনের কাছে গেল ।

গ) টাইটানিক যাচ্ছিল উত্তর আটলান্টিক মহাসাগর দিয়ে ।

ঘ) টাইটানিকে প্রায় ২০০ জন যাত্রী ছিল ।

Manashi Chaudhuri